তারিখ 23 OCT 2012 পৃষ্ঠা 20 কলাম 7

দৈনিক ইত্তেফাক

# আন্দোলনের মুখে তড়িঘড়ি করে ঢাবির ঘ ইউনিটের ফল প্রকাশ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ অস্বীকার করে এবং বাম ছাত্র সংগঠনের পরীক্ষা বাতিলের তীব্র আন্দোলনের মুখে তড়িঘড়ি করে ফল প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল রবিবার পরীক্ষার দু'দিন পরেই এ ফল প্রকাশ করা হয়।

শুক্রবারের ঘ ইউনিটের পরীক্ষার প্রশ্নপত্র অন্তত আট ঘণ্টা আগে ফাঁস হয় বলে অভিযোগ উঠে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন বিষয়টি কোনো তদন্ত ছাড়াই অস্বীকার করে তড়িঘড়ি করে পরীক্ষার ফল প্রকাশ করেছে। ব্যর্থতা ঢাকতেই দ্রুত এ ফল প্রকাশ করা হয়েছে বলে বাম ছাত্র সংগঠনের নেতারা দাবি করেছেন।

গতকাল সাংবাদিকদের জানানো হয়, দেড়টায় কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে ফল প্রকাশ করা হবে। ফল প্রকাশের কিছুক্ষণ আগে ঘ ইউনিটের পরীক্ষা বাতিলের দাবিতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের দুটি অংশ বিক্ষোভ মিছিল করে। মিছিলগুলো মধুর ক্যান্টিন থেকে একত্র হয়ে উপাচার্যের কার্যালয়ের দুটি কলাপসিবল ফটক ভেঙে উপাচার্যের কক্ষের দরজার সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করতে থাকেন। এ সময় তারা তদন্ত কমিটি করে প্রতিবেদন প্রকাশ করার পর পরীক্ষার ফল প্রকাশের দাবি জানান। এর কিছুক্ষণ পর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত প্রক্টর অধ্যাপক এ কে এম গোলাম রব্বানী সেখানে গিয়ে পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন।

পরে উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান আসলে বিক্ষোভকারীরা তার কাছে প্রশ্ন ফাঁসের অভিযোগ জানিয়ে, তদন্ত কমিটি পৃষ্ঠা ২ কলাম ৭

## আন্দোলনের মুখে তড়িঘড়ি

২০ পৃষ্ঠার পর

গঠন ও পরীক্ষা বাতিল করে পুনরায় নেওয়ার দাবি জানান। কিন্তু উপাচার্য বিক্ষোভকারীদের বলেন, 'পরীক্ষার প্রশ্ন ফাঁস হয়েছে পরীক্ষার কেন্দ্র থেকে। ডিভাইসের মাধ্যমে যারা জালিয়াতি করেছেন তাদের ধরা হয়েছে। পরীক্ষা বাতিল করা হবে না বলে তিনি জানিয়ে দেন।

**পাসের হার ১৪ দশমিক ৩৫ শতাংশ**

পূর্বের ক, খ ও গ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল পরীক্ষার কমপক্ষে তিনদিন পর প্রকাশিত করা হলেও ঘ ইউনিটের ফল পরীক্ষার দু'দিন পরেই গতকাল কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে প্রকাশ করেন উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান। প্রকাশিত ফলে দেখা যায়, এবার 'ঘ' ইউনিটে ভর্তি পরীক্ষায় তিনটি শাখার অংশগ্রহণকারী ৭১ হাজার ৫৪৯ জনের মধ্যে পাস করেছে ১০ হাজার ২৬৪ জন আবেদনকারী। অর্থাৎ পাসের হার ১৪ দশমিক ৩৫ শতাংশ। ফল সংশ্লিষ্ট বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে।

প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে